02 DEC 2005

২০ . ৭

# এবার রাষ্ট্রপতির নামে স্কুল!

বিশেষ সংবাদদাতা

নামকরণের ক্ষেত্রে শেষ পর্যন্ত রাষ্ট্রপতিও বাকি থাকলেন না। তিনি মুন্সীগঞ্জ সদর উপজেলায় তার নামে একটি মডেল স্কুল স্থাপন করার নির্দেশ দিয়েছেন বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে।

স্কুল : পৃষ্ঠা ১৯ : কলাম ৬

## স্কুল : রাষ্ট্রপতি

(শেষ পৃষ্ঠার পর)

ইতিমধ্যে প্রধানমন্ত্রী থেকে শুরু করে বেশির ভাগ মন্ত্রী, প্রতিমন্ত্রী ও এমপিদের নামে স্কুল, কলেজ, মাদ্রাসার নামকরণ করা হয়েছে। নির্বাচনী এলাকায় নির্বাচনে বৈতরণী পার হওয়ার ক্ষেত্রে এ সুযোগটা কেউ হাতছাড়া করতে রাজি নয়। কিন্তু রাষ্ট্রপতি সাধারণত তার নির্বাচনী এলাকায় তার নামে কোন কিছু স্থাপন করেন না। কারণ তিনি তো নির্বাচনের বৈতরণী পার হবেন না। কিন্তু দীর্ঘদিন পর রাষ্ট্রপতির নামে স্কুল হতে যাচ্ছে।

জানা গেছে, রাষ্ট্রপতির নির্দেশ পাওয়া মাত্রই পরিকল্পনা কমিশনে গত ২৯ নভেম্বর, 'রাষ্ট্রপতি প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ মডেল স্কুল' স্থাপন সংক্রান্ত একটি প্রকল্প তৈরি করা হয়েছে। এই প্রকল্প বাস্তবায়ন করতে সরকারের ব্যয় হবে ১৭ কোটি ১৮ লাখ টাকা। প্রকল্পটি চলতি ২০০৫-০৬ অর্থবছরে নতুন প্রকল্প হিসেবে অন্তর্ভুক্তও করা হয়নি।

জানা গেছে, এই প্রকল্পটি বাস্তবায়নের জন্য ২০০৬ সালের জানুয়ারি থেকে ২০০৭ সালের জুন পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। আর প্রকল্পের উদ্দেশ্য সম্পর্কে বলা হয়েছে, মুন্সীগঞ্জ এলাকায় শিক্ষার সুযোগ বৃদ্ধি করা। আর বিদ্যালয় স্থাপনের মাধ্যমে মানবসম্পদ উন্নয়নে ত্বরান্বিত করা।

বর্তমান জোট সরকারের খুব কম সংখ্যকই মন্ত্রী-এমপি আছেন যাদের নামে শিক্ষা প্রতিষ্ঠান, মাদ্রাসা, মেডিকেল কলেজ নামকরণ করা হয়নি। আর এসব শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের জন্য স্থানীয় রাজনৈতিক নেতা ও কর্মীরা বিশেষ সহায়ক ভূমিকা পালন করে আসছেন।

অর্থ ও পরিকল্পনামন্ত্রী এম সাইফুর রহমানের নামে নিজ এলাকায় একটি কলেজ ও একটি স্কুল রয়েছে। বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী আবদুল মান্নান ভূঁইয়ার নামে নরসিংদীতে 'মান্নান ভূঁইয়া কলেজ' স্থাপন করা হয়েছে। কিন্তু প্রতিষ্ঠাতা হিসেবে নাম দেয়া হয়েছে মন্ত্রীর সহকারী একান্ত সচিব এসএম শাহান শাহ শাহীন। স্থানীয় সরকার প্রতিমন্ত্রী জিয়াউল হক জিয়া লক্ষ্মীপুরে নিজ নামে একটি মডেল কলেজ স্থাপন করেছেন। মন্ত্রীর স্বজনরা বলেন, তিনি তার নিজ জায়গায়ই কলেজটি স্থাপন করেছেন। ঢাকায় মির্জা আব্বাস মহিলা ডিগ্রি কলেজ নামে একটি কলেজ রয়েছে। যার প্রতিষ্ঠাতা মন্ত্রী স্বয়ং। ডেমরায় এমপি সালাউদ্দিন আহমেদের নামে একটি কলেজ রয়েছে।

এভাবে বিভিন্ন মন্ত্রী, প্রতিমন্ত্রী ও এমপিরা পাল্লা দিয়ে নিজ নামে স্কুল, কলেজ, মাদ্রাসা স্থাপন করে চলেছেন।